



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১৩- ৯৩

তারিখঃ ২০ মে ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

নারী ও শিশু বিষয়ক থিমेटিক কমিটির সভা অনুষ্ঠিত

আজ সকাল ১১.৩০ টায় অনলাইনে জাতীয় মানবাধিকার কমিশনের নারী ও শিশু অধিকার বিষয়ক থিমेटিক কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি। সভায় অংশগ্রহণ করেন কমিশনের সদস্য জেসমিন আরা বেগম, ড. নমিতা হালদার, এনডিসি, মিজানুর রহমান খান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আবুল হোসেন, নিজেরা করির সমন্বয়ক খুশি কবির, বিএনপিএস এর রোকিয়া কবির, মানুষের জন্য ফাউন্ডেশনের শাহীন আনাম, মহিলা পরিষদের মালেকা বানু, একশন এইডের ফারাহ কবির, ইউনিসেফের শাবনাজ জাহেরিন, ইউএনডিপি'র চিফ টেকনিক্যাল এডভাইজর শর্মিলা রাসুল, কন্যা শিশু এডভোকেসি ফোরামের নাসিমা আক্তার জলি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহকারী অধ্যাপক তাসলিমা ইয়াসমিনসহ অনেকে।

সভায় করোনাকালীন নারী ও শিশুর প্রতি সহিংসতা বৃদ্ধির বিষয়ে উদ্বেগ প্রকাশ করা হয়। এসকল সহিংসতা বন্ধে সকলের সমন্বিত প্রয়াস দরকার বলে মনে করেন বক্তারা। শিশুদের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ, খেলাধুলা বন্ধ, তাদেরকে ঘরেই সময় অতিবাহিত করতে হচ্ছে বিধায় অভিভাবকগণকে শিশুর প্রতি সহনশীল আচরণ ও নৈতিক মূল্যবোধের শিক্ষা দিতে আহবান জানানো হয়েছে। তাছাড়া শিশুরা যেন অনলাইন প্ল্যাটফর্মে নিরাপদ থাকে সেবিষয়েও অভিভাবকগণকে সতর্ক থাকতে বলা হয়েছে।

সভায় নারী ও শিশুর মানবাধিকার লঙ্ঘনের দায়ে অভিযুক্তদেরকে সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচী ও বিভিন্ন সহযোগিতা কার্যক্রমে উপকারভোগী হিসেবে বাদ দেয়ার বিষয়ে সকলে সহমত পোষণ করে বাল্যবিবাহ বন্ধে সকল অংশীজনের সক্রিয় ভূমিকা পালন করতে অনুরোধ জানানো হয়েছে। নারী ও শিশুর প্রতি সহিংসতা বন্ধে আরো কার্যকরী ভূমিকা পালন করতে সংশ্লিষ্ট সকলের প্রতি নির্দেশনা দানে সরকারকে পরামর্শ প্রদান করতে কমিটির সদসগণ কমিশনকে অনুরোধ জানিয়েছেন। পাশাপাশি, সহিংসতা প্রতিরোধে জয় এ্যাপসের কার্যকর ব্যবহার বৃদ্ধি, ভিকটিমদের আইনি সহায়তা প্রদান, ব্যাপক সচেতনতা তৈরির জন্য টিভিসি, কমিউনিটি রেডিও, স্কুদেবার্তা, লিফলেট ইত্যাদির মাধ্যমে প্রচার-প্রচারণা চালানোর আহবান জানানো হয়েছে।

এছাড়া, ভারুয়াল আদালতের কার্যক্রমকে স্বাগত জানিয়ে এর পরিধি শুধু জামিনের মধ্যে সীমাবদ্ধ না রেখে এর পরিধি আরো বাড়ানোর জন্য আহবান জানানো হয়েছে।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ